



চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ চউক ভবন, চট্টগ্রাম

প্রকল্প পরিদর্শন প্রতিবেদন (চলমান প্রকল্প)

১। প্রকল্পের নাম: চট্টগ্রাম সিটি আউটার রিং রোড।

১.১। প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:

“চট্টগ্রাম সিটি আউটার রিং রোড”- শীর্ষক প্রকল্পটি মোট ৩৩২৪১৫.০৩ (জিওবি অনুদান-২২৯১৬৮.৫৩, জিওবি ঋণ- ৩৮৮৯১.৪২, জাইকা ৬৪৩৫৫.০৮) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর ২০২৪ (প্রস্তাবিত মেয়াদ বৃদ্ধি: জানু. ২০১১ হতে ডিসেম্বর, ২০২৫) মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

১.২। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
চট্টগ্রাম	চট্টগ্রাম	-	সিটি কর্পোরেশন	-

১.৩। প্রকল্পের উদ্দেশ্য:

- উপকূলীয় বাধী শক্তিশালীকরণের মাধ্যমে বন্যা ও সামুদ্রিক জলোচ্ছ্বাস থেকে চট্টগ্রাম শহরকে রক্ষা করা।
- উক্ত বাধীর উপর রাস্তা নির্মাণ করে শহর হতে ভারী যানবাহন বাইপাস করাণোর মাধ্যমে চট্টগ্রাম শহরের যানজট নিরসন করা।
- শহর ও উপকূলীয় বাধীর মধ্যস্থিত এলাকা সমূহের উন্নয়নের মাধ্যমে শিল্প, বাণিজ্য ও পর্যটন শিল্পকে উৎসাহিত করা এবং বিদেশী বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করা।

প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৬.৫৭% ও ভৌত অগ্রগতি ৮৯%।

২। প্রকল্পের নাম: কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ।

২.১। প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:

“কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ”- শীর্ষক প্রকল্পটি মোট ২৭৭৯৩৯.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৭ হতে জুন, ২০২৫ (প্রস্তাবিত মেয়াদ বৃদ্ধি: জুলাই-২০১৭ হতে জুন, ২০২৬) মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

২.২। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
চট্টগ্রাম	চট্টগ্রাম	-	সিটি কর্পোরেশন	-

২.৩। প্রকল্পের উদ্দেশ্য:

- রাস্তা নির্মাণের মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম এবং চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের সাথে সংযোগ স্থাপন করে যাতায়াতের সুবিধা বৃদ্ধি করে চট্টগ্রাম শহরের যানজট নিরসন করা।
- শহর ও উপকূলীয় বাধীর মধ্যস্থিত এলাকাসমূহের উন্নয়নের মাধ্যমে আবাসন, বাণিজ্য ও পর্যটন শিল্পকে উৎসাহিত করা এবং যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে দেশী-বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করে শিল্পের প্রসার ঘটানো ইত্যাদি।
- বন্যা ও জলোচ্ছ্বাস থেকে চট্টগ্রাম শহরের চাক্তাই, খাতুনগঞ্জ, বস্তির হাট, বৃহত্তর বাকলিয়া, চান্দগাঁও ও কালুরঘাট ভারী শিল্প এলাকাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষা করা।

২.৪। প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:



চিত্র: রিং রোড ,কর্ণফুলী রোড প্রকল্প এলাকা ও ও কন্সাল্টেন্টের ট্যান্ট ল্যাব পরিদর্শনের স্থির চিত্র।

৩। প্রকল্পের নাম: চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন: খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন।

৩.১। প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:

“চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন: খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন”- শীর্ষক প্রকল্পটি মোট ৮৬২৬৬২.৩৪ (জিওবি অনুদান-৭১২০১৩.৬২, জিওবি ঋণ-৭৫৩২৪.৩৬, নিজস্ব অর্থ-৭৫৩২৪.৩৬) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৭ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

৩.২। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
চট্টগ্রাম	চট্টগ্রাম	-	সিটি কর্পোরেশন	-

৩.৩। প্রকল্পের উদ্দেশ্য:

- খাল সমূহ পরিকল্পিত পুন:খনন, সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে জলাবদ্ধতা দূরীকরণ।
- গুরুত্বপূর্ণ খাল সমূহের পাড়ে রাস্তা নির্মাণের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও খাল সমূহ পরিষ্কার করার স্থায়ী ব্যবস্থা।
- খালের সাথে সংযোগকারী পাকা ডেন সমূহ সংস্কার ও সম্প্রসারণের মাধ্যমে বৃষ্টির পানি দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা করা।
- স্থিত নিচু ব্রীজ সমূহ প্রতিস্থাপনের মাধ্যমে পানি প্রবাহের প্রতিবন্ধকতা দূরীকরণ;
- পরিবেশের উন্নয়ন ও ভারসাম্য রক্ষা।
- প্রকল্প বাস্তবায়নকালে বিপুল সংখ্যক জনবলের কাজের সংস্থান, বিশেষ করে নারী কর্মসংস্থান সৃষ্টি।

৩.৪। প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:



চিত্র: জলাবদ্ধতা নিরসন প্রকল্প এলাকা পরিদর্শনের স্থির চিত্র।